42

তারিখ ...25 JAN 1996...

পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক বাংলা

# ইসলামী ভার্সিটি অনার্সে ৯০৫ আসনে ২৮ হাজার প্রার্থী

মিডিয়া সিন্ডিকেট ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়, ২৪ জানুয়ারী।– ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫–৯৬ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি পরীক্ষায় রেকর্ড সংখ্যক আবেদনপত্র জমা পড়েছে। ৪টি অনুষদের অধীনে ১৫টি বিভাগে ৯০৫টি আসনের জন্য এবার ২৮.৫০২টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে ২৮.১৫৭টি জমা পড়েছে। ৪৬টি বাতিল হয়েছে এবং ৩৪৫টি ফরম জমা পড়েনি। প্রতিটি আসনের জন্য গড়ে ৩১ জন ভর্তিচ্ছু প্রতিদ্বন্দ্বিতা করবে। গত ১৮ জানুয়ারী ফরম বিতরণ ও জমা দেয়ার সময় শেষ হয়েছে। ১ জানুয়ারী থেকে ফরম বিতরণ শুরু হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চলতি শিক্ষা-বর্ষে নতুন চালুকৃত বিজ্ঞান অনুষদের ৩টি বিভাগে ৩০টি করে ৯০টি, ইংরেজী বিভাগে ২০টি, বাকি ১১টি বিভাগে ৫টি করে মোট ১৬৫টি আসন বৃদ্ধি করেছে। এছাড়া, খেলোয়াড় কোটায় ২০ জন ছাত্রছাত্রী ভর্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ বছর ১৫টি বিভাগকে ৬টি ইউ-নিটে বিভক্ত করে ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে। 'ক' ইউনিটের তিনটি বিভাগের ১৯৫টি আসনের জন্যে ২ হাজার ২২৮টি, 'খ' ইউনিটের ২টি বিভাগের ১৩০টি আসনের জন্যে ৪,৯৭১টি, 'গ' ইউনিটের ২টি বিভাগের ১৩০টি আসনের জন্যে ৭,১১৬টি, 'ঘ' ইউনিটের ৪টি বিভাগের ২৯৫টি, আসনের জন্যে ৭ হাজার ৩২০টি 'ঙ' ইউনিটের একটি বিভাগের (আইন ও মুসলিম বিধান) ৬৫টি আসনের জন্যে ৪ হাজার ৩২৩টি এবং 'চ' ইউনিটের ৩টি বিভাগের ৯০টি আসনের জন্যে ৩ হাজার ১৯৯টি ফরম জমা পড়েছে। একমাত্র আইন বিভাগ নিয়ে গঠিত 'ঙ' ইউনিটে সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। এই ইউনিটের প্রতিটি আসনের জন্যে ৬৬ জন শিক্ষার্থী প্রতি-দ্বন্দ্বিতা করছে।

ছাত্র সংঘর্ষে রাজশাহী ও কৃষি বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকার ফলে ওই বিশ্ববিদ্যালয়গুলোতে সেশনজট মারাত্মক আকার ধারণ করেছে এবং সে কারণে চলতি শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে রেকর্ড সংখ্যক ফরম ২৮.৫০২টি বিক্রি হয়েছে বলে বিশ্ববিদ্যা-লয় কর্তৃপক্ষের ধারণা। এ বছর ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি ফরম বিক্রি করে ২২ লাখ ৮০ হাজার ১৬০ টাকা আয় করেছে। এদিকে বেশ কিছু সংখ্যক ভর্তিচ্ছু ছাত্রছাত্রী যথাযথভাবে পূরণ করে আবেদনপত্র জমা দিলেও প্রবেশপত্র পাচ্ছে না বলে অভিযোগ করেছে। চাপের কারণে এ সমস্যা হচ্ছে বলে কয়েকটি ইউনিটের সমন্বয়কারী জানান।

উল্লেখ্য আগামী ২৭, ২৮, ২৯, ৩০ ও ৩১ জানুয়ারী এবং ১ ফেব্রুয়ারী যথা-ক্রমে ক, খ, গ, ঘ, ঙ ও চ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।